

সাম্প্রদায়িকতা বিরোধী যৌথ মিছিল

জন্মদিবসে শহিদ ক্ষুদিরাম স্মরণ

৩ ডিসেম্বর সারা
রাজ্যের সাথে পশ্চিম
মেদিনীপুরের বেলদায়
শহিদ ক্ষুদিরাম বসুর
১৩১তম জন্মদিবস
পালিত হল। স্টেশন
প্রাঙ্গণে শহিদের পূর্ণাবয়ব
মূর্তিতে মাল্যদান করা
হয়। স্কুল-কলেজ সহ
বিভিন্ন সংগঠনের পক্ষ

থেকে বিকেলে ১৩১টি মোমবাতি জ্বালিয়ে শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। উপস্থিত ছিলেন কমিটির সভাপতি
তপনেশ দে, সম্পাদক পরেশ বেরা, নাট্যব্যক্তিত্ব যুগজিৎ নন্দ, সুশান্ত পানিগ্রাহী, মানস কর প্রমুখ।

ঐতিহাসিক সৌধ বাবরি মসজিদ ধ্বংসের দিন ৬ ডিসেম্বর সাম্প্রদায়িকতার বিরুদ্ধে ও এনআরসি বাতিলের
দাবিতে কলকাতায় এস ইউ সি আই (সি) সহ ১৭টি বামপন্থী দলের মিছিল। মিছিলে নেতৃত্ব দেন দলের
রাজ্য সম্পাদক ও কেন্দ্রীয় কমিটির সদস্য কমরেড চঞ্জীদাস ভট্টাচার্য এবং কেন্দ্রীয় কমিটির সদস্য
কমরেড অমিতাভ চ্যাটার্জি সহ অন্যান্য বামপন্থী দলগুলির নেতৃবৃন্দ। এসপ্ল্যানেড থেকে শুরু হয়ে মিছিল
রাজাবাজারে পৌঁছানোর পর সেখানে একটি প্রতিবাদ সভা হয়।

হরিয়ানার গুরগাঁও-এ শ্রমিক বিক্ষোভ

কন্ট্রাকচুয়াল কর্মীদের দাবি আদায়

এআইইউটিইউসি অনুমোদিত কন্ট্রাকচুয়াল
ব্যাঙ্ক এমপ্লয়িজ ইউনিটি ফোরামের ধারাবাহিক
আন্দোলনের চাপে এস আই এস পি এল বকেয়া
বেতন মিটিয়ে দিতে বাধ্য হয়েছে। ফোরাম স্টেট
ব্যাঙ্ক অফ ইন্ডিয়া'র বিভিন্ন জোনাল এবং রিজিওনাল
অফিসে ডেপুটেশন দিয়েছে এবং বিক্ষোভ দেখিয়েছে।
বারুইপুর, রায়গঞ্জ কয়েকদিন ধরে স্টেট ব্যাঙ্ক
বিক্ষোভ হয়েছে। শিলিগুড়ি লেবার কমিশনারের
অফিসেও এ নিয়ে দাবি পেশ করা হয়েছে। অবশেষে
লেবার কমিশনার বেতন দেওয়ার রায় দেন এবং ৫
ডিসেম্বর সেই বেতন দেওয়া হয়।

৬ ডিসেম্বর হরিয়ানার মানেসরে (গুরগাঁও) হুড়া কারখানার গেটে শ্রমিকদের বিক্ষোভ সভা।
আন্দোলনের প্রতি সংহতি জানিয়ে সভায় বক্তব্য রাখেন এ আই ইউ টি ইউ সি নেতা
কমরেড রাজিন্দার সিং।

শিলিগুড়িতে ছাত্র-যুব-মহিলা বিক্ষোভ

সারা দেশে ক্রমবর্ধমান নারী
নির্যাতনের বিরুদ্ধে এবং সূর্য
সেন কলেজের ছাত্রী আঞ্জুমা
খাতুন'র ধর্ষক ও খুনিদের
দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে
দার্জিলিং জেলা ডিএসও,
ডিওয়াইও, এমএসএস-এর পক্ষ
থেকে ৭ ডিসেম্বর শিলিগুড়ি
শহরে বিক্ষোভ দেখানো হয়।

প্রতিবাদে মুখর

সারা দেশ

দেশের নানা প্রান্তে ঘটে চলা নারী নির্যাতনের
প্রতিবাদে ২ ডিসেম্বর গুজরাটের আহমেদাবাদ (উপরের
ছবি) ও ভদোদরায় এবং ৩ ডিসেম্বর সুরাটে প্রতিবাদ
মিছিল ও সভা অনুষ্ঠিত হয়। (নিচে) ৩ ডিসেম্বর
কলকাতার এনআরএস মেডিকেল কলেজ ও
হাসপাতাল থেকে মোমবাতি মিছিলে সামিল ডাক্তার,
নার্স, মেডিকেল ছাত্র ও চিকিৎসাকর্মীরা।

পুলিশি হয়রানি বন্ধের দাবি মোটরভ্যান চালকদের

উত্তর ২৪ পরগণার
টিটাগড়-সোদপুর এলাকায় স্বল্প
ভাড়ায় নিত্য প্রয়োজনীয়
জিনিসপত্র দীর্ঘকাল সরবরাহ
করে আসছে মোটরভ্যান। অথচ
বাধ সাধছে প্রশাসনের একাংশ।
জোর করে ইঞ্জিনের হ্যান্ডেল
কেড়ে নিয়ে দীর্ঘ সময়
পণ্যবোঝাই গাড়ি আটকে রাখছে ট্রাফিক পুলিশ। হয়রানি বন্ধে ২১ নভেম্বর এআইইউটিইউসি
অনুমোদিত সারা বাংলা মোটরভ্যান চালক ইউনিয়নের আঞ্চলিক কমিটির ডাকে পাঁচ শতাধিক চালক
খড়দহ থানায় বিক্ষোভ দেখান। বক্তব্য রাখেন এআইইউটিইউসি-র জেলা সম্পাদক কমরেড প্রদীপ
চৌধুরী এবং ইউনিয়নের পক্ষে কমরেডস জয়ন্ত সাহা, করুণ দত্ত, চন্দ্রশেখর চৌধুরী প্রমুখ। শ্রমিক
নেতা কমরেড অমল সেনের নেতৃত্বে আটজনের প্রতিনিধিদল সংশ্লিষ্ট আধিকারিকের সাথে কথা বলে
পিক আওয়ার ছাড়া বাকি সময় অবাধে যান চলাচলের দাবি আদায় করেন।

মেট্রোর ভাড়া বৃদ্ধির প্রতিবাদে জিএম-কে স্মারকলিপি

মেট্রো রেল বর্ধিত ভাড়া
প্রত্যাহারের দাবিতে
৩ ডিসেম্বর
এসইউসিআই (সি)
কলকাতা জেলা সম্পাদক
কমরেড সুরত গৌড়ী
নেতৃত্বে পাঁচ সদস্যের এক
প্রতিনিধিদল মেট্রো
রেলের জেনারেল ম্যানেজারের কাছে স্মারকলিপি জমা দেয়।